

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতার
১২২তম জন্মজয়ন্তী উদ্‌যাপিত

122nd Birth Anniversary of the Founder
of Kumudini Welfare Trust Celebrated



*Celebration of 122nd birth anniversary of the founder of KWT Rai Bahadur Ranada Prasad Shaha
(15 November 1896 – 7 May 1971).*

গত ১৫ নভেম্বর মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে সাড়ম্বরে উদ্‌যাপিত হয়েছে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রায় বাহাদুর রণদা প্রসাদ সাহার ১২২তম জন্মজয়ন্তী।

এ উপলক্ষে কমপ্লেক্সে অবস্থিত কুমুদিনী হাসপাতাল, ভারতেশ্বরী হোমস, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে বিভিন্ন কর্মসূচি পালিত হয়। এছাড়া জন্ম তিথি অনুসরণ করে গত ১৯ নভেম্বর দানবীরের মির্জাপুর গ্রামের পৈতৃক নিবাস ও নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়েও দিবসটি উদ্‌যাপিত হয়। মির্জাপুর কমপ্লেক্সের কর্মসূচির মধ্যে ছিল প্রার্থনা, আলোচনা সভা, সন্ধ্যায় ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের বর্ণাঢ্য কুচকাওয়াজ ও দর্শনীয় প্রদীপ প্রজ্জ্বলন এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

কুমুদিনী হাসপাতালের ডাক্তার ও নার্সগণ প্রতিষ্ঠাতার জন্মদিন উপলক্ষে হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড বর্ণাঢ্য সাজে সজ্জিত করেন। ঐদিন হাসপাতালের রোগীদের মধ্যে বিতরণ করা হয় বিশেষ খাবার।

ভারতেশ্বরী হোমসের উন্মুক্ত প্রাঙ্গণে উদ্‌যাপিত সাক্ষ্যকালীন অনুষ্ঠানে প্রদর্শিত হয় ছাত্রীদের মনোমুগ্ধকর কুচকাওয়াজ ও কুমুদিনীর ওপর নির্মিত প্রামাণ্য ভিডিও, শত-সহস্র প্রদীপ প্রজ্জ্বলন, আলোচনা ইত্যাদি। আলোচনায় অংশ নেন অনুষ্ঠানের বিশেষ অতিথি মেজর জেনারেল (অবঃ) জীবন কানাই দাস, বাংলাদেশ সরকারের সাবেক সচিব এবং কুমুদিনীর শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান, ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি এবং ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা। অনুষ্ঠান শেষে উপস্থিত প্রত্যেককে আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

The 122nd birth anniversary of the founder of Kumudini Welfare Trust (KWT) Rai Bahadur Ranada Prasad Shaha was celebrated with due fervour at Kumudini Complex, Mirzapur on 15 November 2018.

Different programmes were chalked out to celebrate the occasion by the various institutions located at Kumudini Complex, Mirzapur viz. Kumudini Hospital, Bharateswari Homes, Kumudini Nursing School & College and Kumudini Women's Medical College. In addition celebrations were arranged at the paternal homestead of the founder at Mirzapur village and at Ranada Prasad Shaha University in Narayanganj.

The programme at Kumudini Complex, Mirzapur included prayer meeting, discussion, colourful march past in the evening by the students of Bharateswari Homes, lighting of the candles and cultural show.

The doctors and the nurses decorated the hospital building and improved diet was served to the patients. The evening programme at Bharateswari Homes included lighting of hundreds of candles, a video documentary on KWT, discussion etc. Those who took part in the discussion included Maj Gen Jiban Kanai Das (Retd), former Secretary to the Govt and Advisor (Education & Health) of Kumudini Abu Alam Md Shaheed Khan, Director of the Trust Protiva Mutsuddy and Managing

See Next Page

উল্লেখ্য, গ্র্যাগোরিয়ান ক্যালেন্ডার অনুসারে দানবীর রণদা প্রসাদ সাহার জন্মদিন ১৫ নভেম্বর হলেও তিথি অনুসারে তাঁর জন্ম উত্থান একাদশী দিবসে। এই বছর তিথিটি পড়েছে ১৯ নভেম্বর। তিথি অনুসারে মির্জাপুর গ্রামবাসী তাদের প্রাণপ্রিয় রণদাপ্রসাদের জন্মতিথি পালন করেন ১৯ নভেম্বর। ঐদিন এলাকাবাসী গ্রামের রণদা নাটমন্দিরে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নজরুল বিশেষজ্ঞ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ডক্টর রফিকুল ইসলাম।

Director of KWT Rajiv Prasad Shaha. At the end of the programme all guests were entertained at a dinner.

The villagers of Mirzapur arranged discussion and cultural programme on 19 November at *Ranada Natmondir* (portico of temple) located at the paternal homestead of R P Shaha. National Prof and eminent Nazrul researcher Dr Rafiqul Islam was the chief guest on the occasion.



4th generation of R P Shaha celebrating his birthday.

নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়েও ১৯ নভেম্বর জন্মতিথি অনুসারে দিবসটি পালিত হয়। উক্ত অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল রণদাপ্রসাদের জীবনীভিত্তিক আলোচনা ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান। আলোচনায় অংশ নেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর মনীন্দ্র কুমার রায়, ট্রাস্টের পরিচালক মহাবীর পতি এবং ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান। বক্তাগণ তাঁদের আলোচনায় রণদা প্রসাদ সাহাকে একজন আধুনিক মানসিকতার মানুষ হিসেবে উল্লেখ করেন। ●

Birthday of the founder was also celebrated on the same date keeping consistence with the villagers of Mirzapur at Ranada Prasad Shaha University (RPSU) in Narayanganj. The programme included discussion on the life of R P Shaha and a cultural show participated by the students of RPSU. Those who participated in the discussion included the Vice Chancellor Prof Dr Manindra Kumar Roy, Director of KWT Mahavir Pati and Adviser on Health & Education of KWT Abu Alam Md Shahid Khan. The speakers described R P Shaha as a man with modern mentality. ●



Patients at Kumudini Hospital being visited by Managing Director of KWT on birth anniversary of R P Shaha.

The Man and His Vision

Mahavir Pati

Today we all know of Kumudini and its institutions—Kumudini Hospital, Bharateswari Homes, Kumudini Nursing School and College, Kumudini Women's Medical College and Ranada Prasad Shaha University. These were all born from the vision of one man—Rai Bahadur Ranada Prasad Shaha. Despite my close association with the organization and growing up there, it still amazes me that one man could create such a huge operation in his lifetime. Born in a lower middle-class family, Ranada rose to great heights, creating a huge business empire only to give away all his worldly possessions for the welfare of the poor and needy.

To understand the driving force behind such a great enterprise we need to go back to the beginning. Our story begins in the year 1896 when a child was born to Debendra Podder and Kumudini Devi at his uncle's village in Savar. The young Ranada was extremely attached to his mother. His mother's sudden death from post-natal tetanus (having given birth to a still-born child) when Ranada was only seven, turned his whole world upside down. This brought home to him two irrevocable facts: The poor quality and non-availability of medical services and the sorry plight of women in the then social hierarchy. Yearning motherly love and affection he ran away from home and after roaming around for a while, finally ended up in Calcutta (now Kolkata). He survived by doing any honest work he could find. Many a day he went to sleep hungry. One day, while he was selling newspapers in a rail station, a child fell onto the railway tracks. A crowd gathered, but no one did anything. Ranada immediately jumped onto the railway track, saving the child just before the train had approached.

Later, he became involved with the Swadeshi Movement and got into trouble with the law enforcement agencies. He even spent a short time in jail. In the meantime, WWI (1st World War) started and young Ranada enlisted in the British Army first as a medic and then as a soldier. His unit the Ambulance Corps maintained a hospital in Baghdad to treat the wounded soldiers. This hospital caught fire when a nearby magazine exploded. Risking his life Ranada saved around 20 wounded soldiers from the blazing inferno. This act of bravery resulted in his commanding officer Captain Cook's entry in his service book. "..... On the occasion of the magazine explosion near the hospital, he remained cool and worked hard, being one of the last to leave the hospital." On September 26, 1916 Ranada returned to a hero's

welcome in Calcutta (Kolkata). He then decided to join the Bengali Double Company which later became the 49th Bengal Regiment. There RP Shaha received his commission as a Viceroy's Commissioned Officer.

On August 30, 1920 his regiment was decommissioned.



Mahavir Pati

Thus began another chapter in his life. He started a small coal shop in Calcutta (Kolkata), supplying coal to both households and businesses. Through hard work, diligence and good management Ranada soon became one of the leading coal merchants in Calcutta (Kolkata). He also diversified into other businesses, including a river transport company (later to be named Bengal River Service).

Ranada now had the resources to pursue his dream. He started a small dispensary in his ancestral village of Mirzapur which grew into a hospital (named after his mother). He

also laid the foundation for a residential girl's school, Bharateswari Homes. Lord RG Casey, the Governor of Bengal came all the way from Calcutta (Kolkata) to inaugurate his hospital.

In his inaugural speech Lord Casey said, "Some of you may wonder why I should take such close personal interest in a hospital? My answer is simple: I feel this hospital affords a high example of what can be done when the initiative, enterprise and public spirit of one man is directed towards the welfare and wellbeing of the community."

Today, 75 years after its creation, Kumudini Hospital has evolved into a 1,050-bed general hospital providing high quality and almost free medical care. In 2001 Kumudini Women's Medical College was established. Kumudini Hospital School of Nursing, established in 1973 has now evolved into a Nursing School and College, training junior and senior nurses, midwives and BSc nurses.

Besides these, Mr Shaha also established Kumudini Women's College in Tangail and Devendra College in Manikgonj. He also provided funds to establish Huseyn Shaheed Suhrawardy College in Magura. Huseyn Shaheed Suhrawardy, the former prime minister of Pakistan on a visit to Kumudini Complex at Mirzapur in the mid-fifties wrote in the visitor's book :

"A poor man became a millionaire, and the millionaire voluntarily became a poor man, spending his all in the service of humanity, for the suffering and the distressed, for the furtherance of education, for rendering a service to the State, which the state itself has not undertaken. But

See Next Page

is the Rai Bahadur poor; he is rich in the esteem, in the affection, in the love of a grateful people; having given all his worldly possessions, he has obtained more than those who were his compeers.

May that state and the people he has served so well give him that recognition which is his due, and not destroy the great institution he has built with such love and devotion.”

This great man along with his son and successor Bhabani Prasad Shaha were abducted by the Pakistan Army and the Razakars on May 7, 1971. They never returned.

Mr Shaha did not believe that he was doing charity to anyone. As an artist is defined by his art, a poet by his poetry, so too R P Shaha was defined by his actions and

the institutions he founded. To him Kumudini was no ordinary institution. It was an embodiment of his mother, of the shelter and care that he was deprived of. Hence our motto: “Kumudini Cares”.

Even today, R P Shaha remains an inspiration to all, proving that even if you are born in unfortunate circumstances, you can shape your destiny and carve out your own niche in history. Indeed, the life and deeds of this great man will forever live in our hearts. ●

(The writer is a Director of Kumudini Welfare Trust. This article was published in the Daily Star on Nov 24, 2018 on the occasion of celebrating R P Shaha's 122nd birth anniversary.)

কুমুদিনী হাসপাতাল / Kumudini Hospital

‘মেইনস্ট্রিমিং ডিজ্যাবিলিটি ইন কুমুদিনী হাসপাতাল ফর এক্সেসিবল ব্রড রেঞ্জ অব আই এন্ড আদার হেলথ কেয়ার সার্ভিসেস’ প্রকল্প বিষয়ক সংবাদ

খ্রিস্টান ব্লাইন্ড মিশন (সিবিএম)-এর সহযোগিতা প্রাপ্ত এই প্রকল্পের আওতায় কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষ বিগত সেপ্টেম্বর-ডিসেম্বর এই চার মাসে একাধিক কর্মসূচি পালন করেছে।

উক্ত প্রকল্পের আওতায় গত ৫ সেপ্টেম্বর দেলদুয়ার উপজেলায়, ২১ অক্টোবর কালিয়াকৈর উপজেলায় ও ২৪ ডিসেম্বর ঘাটাইল উপজেলায় অনুষ্ঠিত হয়েছে নেটওয়ার্কিং মিটিং ও লার্নিং শেয়ারিং ওয়ার্কশপ। এতে প্রতিবন্ধীতা, প্রতিবন্ধীতার ধরন ও সংজ্ঞা, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারায় অন্তর্ভুক্তকরণ বিষয়ে আলোকপাত করা হয়। সভা ও ওয়ার্কশপে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারসহ একাধিক সরকারি কর্মকর্তা উপস্থিত ছিলেন।

গত ৮, ৯ ও ১০ সেপ্টেম্বর কালিয়াকৈর উপজেলা ও ৪, ৫ নভেম্বর ঘাটাইল উপজেলায় গভর্নমেন্ট হেলথ সার্ভিস প্রোভাইডারদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে চোখের যত্ন ও পরিচর্যা, অন্ধত্ব দূরীকরণ ও প্রতিবন্ধীতার অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়। এই প্রশিক্ষণে ২৫০ জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন।

গত ১১, ১২ ও ১৩ সেপ্টেম্বর হাসপাতালের লাইব্রেরিতে অনুষ্ঠিত হয় তিন দিনব্যাপী বেসিক এডভোকেসি প্রশিক্ষণ। এতে এ্যাডভোকেসি কি ও এর মাধ্যমে কীভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের মূলধারায় সম্পৃক্ত করা যায় সে বিষয়ে আলোচনা হয়। প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন প্রজেক্ট ও ডিপিও প্রতিনিধিবৃন্দ। প্রশিক্ষণটি পরিচালনা করেন সিডিডি'র থিমেটিক এক্সপার্ট মোঃ জাহাঙ্গীর আলম, এসিস্টেন্ট ডাইরেক্টর আনিকা রহমান লিপি ও তাসলিমা আক্তার কেয়া।

গত ১৩ নভেম্বর প্রজেক্ট অপারেশনাল কমিটির মিটিং অনুষ্ঠিত হয়। এতে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম এবং পরবর্তী কর্ম-পরিকল্পনা পরবর্তী পৃষ্ঠায় দেখুন

News on ‘Mainstreaming Disability in Kumudini Hospital for Accessible Broad Range of Eye & Other Health Care Services’ Project

A number of programmes were undertaken under the project in collaboration with Christian Blind Mission (cbm) during the four months period September to December.

As a part of the project ‘Networking Meeting & Learning Sharing Workshop’ was held at Deldoar Upazila on 5 Sep, Kaliakhor Upazila on 21 Oct and Ghatail Upazila on 24 Dec. Discussion took place on disability, definition of disability, rights and protection of the disabled law 2013 and inclusion of the disabled in the mainstream. The workshop was attended by Upozila Chairman, Upozila Nirbahi Officer and a number of government officials.

A training programme was arranged from 8 to 10 Sept at Kaliakor Upazila and on 4 and 5 Nov at Ghatail Upazila for the government health service providers. Discussion took place on care of the eyes, prevention of blindness and different issues of disability. The training was participated by 250 government health service providers.

Basic Advocacy training was conducted from 11 to 13 Sept at the library of Kumudini Hospital. Discussion took

See Next Page



*'Networking Meeting & Learning Sharing Workshop'
at Ghatail organized by Kumudini Hospital.*

নিয়ে বিশদ আলোচনা হয়। উক্ত মিটিং-এ উপস্থিত ছিলেন সিবিএম অস্ট্রেলিয়া থেকে আগত প্রোগ্রাম কো-অর্ডিনেটর Janette Abing Taga-an (Jata), সিবিএম বাংলাদেশ অফিস থেকে আগত প্রোগ্রাম অফিসার মোঃ মইনুল ইসলাম, টাঙ্গাইল ডিপিওডির নির্বাহী পরিচালক মোঃ সহিদুল ইসলাম, সখিপুর ডিপিওডি-র চেয়ারম্যান সুমন সরকার, উপজেলা হেলথ এন্ড ফ্যামিলি প্ল্যানিং অফিসার ডা. মোঃ শাহরিয়ার সাজ্জাদ, উপজেলা ফ্যামিলি প্ল্যানিং অফিসার মোঃ শহিদুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলমগীর হোসেন, প্রেস ক্লাবের সভাপতি মোঃ সামশুল ইসলাম সহিদ ও জয়েন্ট সেক্রেটারি মোঃ আশরাফ উদ্দিন, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, প্রোগ্রাম এডভাইজার ডা. এস এম শহীদুল্লাহ, মেট্রন দিপালী পেরেরা, ভাইস প্রিন্সিপাল শেফালী সরকার, সিনিয়র অফিসার মোঃ আব্দুল হাই, ইনক্লুশন মনিটরিং এন্ড ইভালুয়েশন অফিসার তামজিদা পারভীন ও প্রজেক্ট স্টাফ সন্দীপ পোদ্দার।

গত ৩ ডিসেম্বর 'সাম্য ও অভিন্ন যাত্রায় প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন' এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ২৭তম আন্তর্জাতিক ও ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস নতুন লাইব্রেরিতে উদযাপন করা হয়।

গত ২৩ ডিসেম্বর টাঙ্গাইলে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ন্যাশনাল আই কেয়ার বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় 'ভিশন ২০২০ কমিটি'র সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

বিভিন্ন তারিখে আয়োজিত উপরোক্ত আলোচনা সভা, প্রশিক্ষণ ও বিশেষ দিবস উদযাপনে অংশ নেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডাঃ পি কে রায়, প্রোগ্রাম এডভাইজার ডাঃ এস এম শহীদুল্লাহ, মেট্রন দীপালী পেরেরা ও ইনক্লুশন মনিটরিং এন্ড ইভালুয়েশন অফিসার তামজিদা পারভীন। ●

place on advocacy and as to how the disabled could be integrated into the mainstream. Project and DPO representatives participated as trainees. The training was conducted by the thematic expert of CDD Md Jahangir Alam, Assistant Director Animika Rahman Lipi and Taslima Akhtar Keya. On 13 Nov the meeting of the Project Operational Committee took place. A discussion took place on the progress of the various programmes under the project, achievement and future planning. The meeting was participated among others by Programme Coordinator Janette Abing Taga-an (Jata) who came from cbm Australia.

On 3rd December 27th International and 20th National Disability Day was celebrated in the new library of Kumudini Hospital.

A meeting on National Eye Care was held at the 250-bed general hospital in Tangail on 23rd December. Members of the "Vision 2020 Committee" participated in the meeting. ●

ফিস্টুলা রোগ বিষয়ে সেমিনার

গত ১৮ সেপ্টেম্বর ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে ফিস্টুলা রোগ সংক্রান্ত সচেতনতামূলক এক সেমিনারের আয়োজন করা হয়।

সেমিনারটির আয়োজক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর ফিস্টুলা সেন্টার। ইউএসএইড-এর অর্থায়নে আন্তর্জাতিক দাতা সংস্থা এনজেন্ডার হেলথ-এর 'ফিস্টুলা কেয়ার প্লাস প্রকল্প'-এর আওতায় উক্ত ফিস্টুলা সেন্টারটি মহিলাদের ফিস্টুলা রোগ প্রতিকার ও প্রশিক্ষণ ইত্যাদির ব্যবস্থা করে আসছে।

দুইভাগে বিভক্ত এই সেমিনারের প্রথম পর্বটি স্থায়ী হয় সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত দুই ঘণ্টা। এই পর্বে হোমস-এর নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রীদের নিয়ে চলে 'School Girls For Fistula Free Bangladesh' সম্পর্কে পরিচিতিমূলক আলোচনা অনুষ্ঠান। আলোচনা করেন এনজেন্ডার হেলথ-এর প্রোগ্রাম অফিসার ডা. ইসরাত।

সেমিনারের দ্বিতীয় পর্ব শুরু হয় বেলা সাড়ে ১১টায়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দির সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনজেন্ডার হেলথ-এর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ডা. বুশরা আব্বাসী, বিএসএমএমইউ-এর ফিস্টুলা সেন্টারের প্রতিষ্ঠাতা ও উপদেষ্টা প্রফেসর সালেহা বেগম চৌধুরী, কুমুদিনী উইমেল মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এম এ হালিম, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, বিএসএমএমইউ'র গাইনি বিভাগের সহযোগী অধ্যাপক শিউলী চৌধুরী এবং ফিস্টুলা কেয়ার প্লাস প্রকল্পের বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার ডা. শেখ নাজমুল হুদা।

সেমিনারে বক্তৃতাকালে প্রফেসর সালেহা বেগম চৌধুরী বলেন, ফিস্টুলা আক্রান্ত রোগীরা সাধারণত খুবই করুণ জীবন যাপন করেন। বাংলাদেশে বর্তমানে প্রায় ১৯ হাজার ৫শ' নারী ফিস্টুলায় ভুগছেন। জাতিসংঘ ২০৩০ সালের মধ্যে বিশ্ব থেকে ফিস্টুলা নির্মূলের ঘোষণা দিয়েছে। বাংলাদেশ সরকার এ লক্ষ্য অর্জনে বদ্ধপরিকর।

এ প্রসঙ্গে সহযোগী অধ্যাপক শিউলী চৌধুরী বলেন, ফিস্টুলা নির্মূলের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, পেশাজীবী সংগঠন, বেসরকারি সংস্থা, সংবাদকর্মী ও সুশীল সমাজের সাথে বিএসএমএমইউ'র ফিস্টুলা সেন্টার একযোগে কাজ করে যাচ্ছে। তিনি ফিস্টুলা মুক্ত করার সংগ্রামে শরিক হতে ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের উৎসাহিত করেন।

ডা. বুশরা আব্বাসী বলেন, শুধু বাংলাদেশ নয়, ২০৩০ সালের মধ্যে গোটা বিশ্ব থেকে ফিস্টুলা রোগ নির্মূল করতে আমাদের চেষ্টা অব্যাহত থাকবে।

একঘেষেই দূর করে সেমিনারকে আনন্দমুখর রাখতে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা ফাঁকে ফাঁকে সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে।

উল্লেখ্য, ২০০৫ সাল থেকে কুমুদিনী হাসপাতালে ফিস্টুলা বিভাগ চালু রয়েছে। এ পর্যন্ত এখানে কয়েকশ' রোগীকে অপারেশনসহ বিনামূল্যে চিকিৎসা দেয়া হয়েছে। দেশী-বিদেশী ডাক্তারগণ এখানে চিকিৎসা দিয়ে থাকেন। দাতা সংস্থা এনজেন্ডার হেলথ ফিস্টুলা চিকিৎসা ক্ষেত্রে কুমুদিনী হাসপাতালকে সহযোগিতা দিয়ে থাকে। অপারেশনের মাধ্যমে ফিস্টুলা রোগীদের সুস্থ জীবনে ফিরিয়ে এনে সামাজিকভাবে তাদের পুনঃপ্রতিষ্ঠিত করার কাজে কুমুদিনী হাসপাতাল তার মানবিক সেবাকর্ম অব্যাহত রেখেছে। ●

Seminar on Fistula

A fistula awareness seminar was arranged at the PPM Hall of Bharateswari Homes on 18 September. The seminar was arranged by Fistula Centre of Bangabandhu Sheikh Mujib Medical University (BSMMU). International donor agency Engender Health runs the "Fistula Care Plus Project" which is financed by USAID. Fistula Centre arranges training on fistula prevention for the women.

The seminar divided in two parts was conducted from 9 to 11 in the morning. An introductory discussion took place where girls from class IX to XII of Bharateswari



Participants of Fistula Awareness Seminar arranged at Bharateswari Homes by Fistula Centre of BSMMU.

Homes participated in the programme called "School Girls for Fistula Free Bangladesh". The speaker was Programme Officer of Engender Health Dr Ishrat.

The second part of the seminar started at 11 am. The programme was presided over by the Director of Kumudini Welfare Trust Protiva Mutsuddy where Rajiv Prasad Shaha Managing Director of the Trust was the chief guest.

The special guests on the occasion were Country Representative of Engender Health Dr Bushra Abbassi and the founder and adviser of Fistula Centre of BSMMU Prof Saleha Begum Chowdhury.

Prof Saleha Begum Chowdhury said the fistula patients suffer a deplorable life. In Bangladesh presently there are around 19,500 fistula patients. United Nations had declared that by 2030 fistula will be eradicated from all over the world. Bangladesh government is determined to achieve this objective.

In this connection Associate Prof Sheuli Chowdhury said that along with many development organizations BSMMU Fistula Centre is working to eradicate fistula.

Since 2005 Fistula Dept is working in Kumudini Hospital. So far a few hundred patients have been treated and provided free medical services. Doctors from home and abroad provide services at Kumudini Hospital. Donor organization Engender Health supports Kumudini Hospital in this endeavour. ●

মেডিকেল কলেজে বিশ্ব মেনোপজ দিবস উপলক্ষে সেমিনার

প্রতি বছর ১৮ অক্টোবর পালিত হয় বিশ্ব মেনোপজ দিবস। দিবসটি সামনে রেখে গত ৩ অক্টোবর বাংলাদেশ মেনোপজ সোসাইটি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বিপি পতি হলে মেনোপজ বিষয়ে একটি সেমিনারের আয়োজন করে।

বাংলাদেশ মেনোপজ সোসাইটি দেশের বয়স্ক নারীদের মেনোপজসহ স্বাস্থ্যের বিভিন্ন সমস্যার সমাধানকল্পে দিকনির্দেশনা দিয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এই সচেতনতামূলক সেমিনারটি আয়োজন করা হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় অধ্যাপক ডা. শাহেলা খাতুন এবং বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা।

প্রধান অতিথির ভাষণে অধ্যাপক ডা. শাহেলা খাতুন বলেন নারীদের জীবনে মেনোপজের বাস্তবতাকে কীভাবে মোকাবেলা করা যায় সে বিষয়ে তাদের সচেতন হতে হবে এবং এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তির পরামর্শ গ্রহণ করা জরুরী। ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা বলেন, নারীকে কেন্দ্র করেই একটি পরিবার টিকে থাকে। তাই নারীর জীবনের একটি বিশেষ পর্যায়ে পরিবারের উচিত তার বাস্তব সমস্যাকে উপলব্ধি করা ও তার পাশে থাকা।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ মেনোপজ সোসাইটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর রওশন আরা বেগম, ব্রিগেডিয়ার জেনারেল ডা. সুরাইয়া রহমান, প্রফেসর সামিনা চৌধুরী, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের একাডেমিক এডভাইজার প্রফেসর এম এ জলিল ও প্রিন্সিপাল প্রফেসর এম এ হালিম।

সেমিনারে বাংলাদেশ মেনোপজ সোসাইটির জেনারেল সেক্রেটারি ডা. শেখ জিন্নাত আরা নাসরিন উন্মুক্ত আলোচনার সূত্রধর হিসেবে কাজ করেন। যেসব চিকিৎসক সেমিনারে মেনোপজ সম্পর্কে তাদের গবেষণালব্ধ প্রবন্ধের সারসংক্ষেপ উপস্থাপন করেন তারা হলেন টাঙ্গাইলের শেখ হাসিনা মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক ডা. রেহানা পারভীন, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যাপক ডা. শাহনেওয়াজ খান, এনাম মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক ডা. সুমাইয়া বারি, ময়মনসিংহ মেডিকেল কলেজের সহকারী রেজিস্ট্রার (গাইনি) ডা. তাসমিনা রহমান প্রমুখ।

সেমিনারে বক্তাদের আলোচনা থেকে উঠে আসে যে, আমাদের দেশের জনসংখ্যার অর্ধেকই নারী। এদের গড় আয়ু ৬২ বছর। তাদের জীবনের এক তৃতীয়াংশ সময় কাটে মেনোপজে। জীবনের শেষ ভাগের এই সময়টা অর্থবহ ও কর্মক্ষম রাখার জন্য আগেভাগে যদি কিছু দিকনির্দেশনা দেয়া যায় তবে তা এই জনগোষ্ঠীর বেশ কাজে দেবে।

সেমিনার শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়। ●

Seminar on World Menopause Day at KWMC

World Menopause Day was observed on 18 October. Beforehand the day Bangladesh Menopause Society arranged a seminar at BP Pati Hall of Kumudini Women's Medical College (KWMC) on 3 October. This seminar was arranged as a part of awareness programme for the elderly ladies by the Bangladesh Menopause Society. National Prof Dr Shahela Khatun was the chief guest on the occasion while Director KWT Srimati Shaha was the special guest.



A Seminar at BP Pati Hall of KWMC arranged by Bangladesh Menopause Society.

Prof Dr Shahela Khatun said that the reality of menopause has to be accepted by women and they should seek advice from the experienced persons. Director Kumudini Trust Srimati Shaha said that a family is kept together by the women. So everybody should understand and support women during

this phase of their life.

Those who spoke in the seminar included President Bangladesh Menopause Society Prof Rowshan Ara Begum, Brig Gen Dr Suriya Rahman, Prof Shamina Chowdhury, Academic adviser of Kumudini Women's Medical College (KWMC) Prof M A Jalil and Principal of KWMC Prof M A Halim.

Secretary General of Bangladesh Menopause Society Dr Sheikh Jannat Ara Nasreen conducted the open discussion in the seminar. A number of physicians presented summary of findings of their research papers on menopause.

From the discussions in the seminar it came out that half of our population who are women live upto an average age of 62 years out of which one third of their life time passes in menopause. If properly guided beforehand, than these women can make their last one third of life meaningful while retaining the capacity to work.

The seminar ended with a vote of thanks from Director Kumudini Hospital Dr Prodip Kumar Roy. ●

কুমুদিনী হাসপাতালের ডায়ালিসিস ইউনিটের এক বছর

One Year of Dialysis Unit at Kumudini Hospital

ডায়ালিসিস একটি ব্যয় বহুল চিকিৎসা যা বার বার করতে হয়। কিডনির কর্মক্ষমতা নষ্ট হয়ে গেলে মানুষের দেহের রক্ত পরিশোধনে সমস্যা দেখা দেয়। তখন ডায়ালিসিসের মাধ্যমে কৃত্রিম উপায়ে রোগির রক্ত পরিশোধনের ব্যবস্থা করা হয়।

নিম্নবিত্ত-মধ্যবিত্ত মানুষের আর্থিক অক্ষমতার কথা বিবেচনা করে কুমুদিনী হাসপাতাল কর্তৃপক্ষ ২০১৮ সালের পহেলা জানুয়ারি প্রথমবারের মতো প্রাথমিকভাবে তিন শয্যাবিশিষ্ট ডায়ালিসিস ইউনিটটি চালু করে। ইউনিটটি চব্বিশ ঘণ্টা চালু রাখার ব্যবস্থা করা হয়েছে। গত এক বছরে ১০৯১ জন কিডনি রোগি এই ইউনিট থেকে সেবা নিয়েছেন।

কুমুদিনী হাসপাতালে ডায়ালিসিস করতে খরচ পড়ে মাত্র ২৫০০ টাকা। এখানে রোগিরা সপ্তাহে ১ বা ২ বার ডায়ালিসিস করান। আনুষঙ্গিক পরীক্ষাদি ও ওষুধপত্র স্বল্পমূল্যে জোগান দেয়া হয়। ঐতিহ্যগতভাবে কুমুদিনী হাসপাতালটি একটি জনসেবামূলক প্রতিষ্ঠান। সেই ধারাবাহিকতা রক্ষার্থে এখানে যাবতীয় চিকিৎসাসেবা অদ্যাবধি সশ্রী মূল্যে প্রদান করা হয়।

কিছুদিন পূর্বে হাসপাতালের ডায়ালিসিস ইউনিটে চিকিৎসারত এক রোগির আত্মীয়ের সাথে কথা হয়। আলাপচারিতায় জানা যায় যে, রোগ সনাক্ত হওয়ার পরই ৬০ বছরের বৃদ্ধ পিতাকে নিয়ে তিনি ঢাকার একটি হাসপাতালের ডায়ালিসিস কেন্দ্রে নিয়ে যেতেন। সপ্তাহে একবার ডায়ালিসিসের জন্য খরচ পড়তো ৫,১০০ টাকা। ঢাকায় যাওয়া-আসা এবং ওষুধ ইত্যাদি বাবদ সমপরিমাণ খরচসহ সপ্তাহে তাদের প্রায় ১০ হাজার টাকার মতো খরচ হয়ে যেত। সাপ্তাহিক এই ব্যয় তাদের পরিবারকে একেবারে নিঃস্ব অবস্থায় ফেলে দিয়েছিল। কুমুদিনী হাসপাতালের ডায়ালিসিস ইউনিটের খবর পেয়ে এখানে রোগিকে চিকিৎসা করিয়ে পরিবারটি এখন অনেকটা স্বস্তিতে আছে বলে তিনি জানান।

ইউনিটের ডাক্তার তাহেরা বেগম জানান যে, এখানে রোগীদের অত্যন্ত যত্ন সহকারে ডায়ালিসিস করানো হয়। সেবিকাগণ সর্বক্ষণ রোগির পাশে থাকেন। প্রতিটি রোগিকে ডায়ালিসিস সেবা দিতে সময় লাগে চার ঘণ্টা। এই ইউনিটের দায়িত্বে রয়েছেন সিনিয়র চিকিৎসক প্রফেসর জাহাঙ্গীর কবির। ●



A patient with kidney ailment undergoing dialysis at Kumudini Hospital.

Dialysis is a costly treatment which needs to be repeated many a times. Dialysis is needed when the capacity of the kidney decreases to a level when it is unable to purify the blood that circulates in the body.

Kumudini Hospital started the Dialysis Unit considering the capacity of the mid and lower level income group in the society in January 2018 with three machines. The unit is run round the clock. In the last one year 1091 patients received dialysis support from this unit.

It costs Tk. 2500/- only to carry out dialysis at Kumudini Hospital. Generally a patient needs to undergo dialysis once or twice a week. Dialysis related diagnostics and medicines are provided at a nominal price. It takes four hours to complete a dialysis cycle.

During discussion with an attendant of a patient aged 60 yrs it was revealed that only for carrying out dialysis once a week in Dhaka had cost Tk. 5,100/-. With the cost of travel to and from Dhaka plus the cost of food, the patient required to spend approximately Tk. 10,000/- per week. Now he is very happy because of the availability of dialysis facility at Kumudini Hospital. ●

ভারতেশ্বরী হোমস/ Bharateswari Homes

অধ্যক্ষসহ ভারতেশ্বরী হোমসের
ছয় শিক্ষকের বিদায় সংবর্ধনা

Bharateswari Homes Bid Farewell to
Six Teachers along with Principal



From left : Mrs Namita Pal, Ms Azufa Khatun, Ms Mehnur Begum,
Ghosh Amalendu and Mrs Tripti Roy.

বয়ঃসীমা অতিক্রান্ত হওয়ায় সম্প্রতি ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষসহ ছয় সিনিয়র শিক্ষক অবসরে গেলেন। এ উপলক্ষে গত সেপ্টেম্বর ও ডিসেম্বরে হোমসের শিক্ষক মিলনায়তনে দুই দফায় তাঁদের আনুষ্ঠানিকভাবে বিদায় সংবর্ধনা দেয়া হয়।

প্রথমটি অনুষ্ঠিত হয় ৩০ সেপ্টেম্বর। এই দিন অধ্যক্ষা প্রতিভা রাণী হালদারকে বিদায়ী সংবর্ধনা জানানো হয়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের বর্ষিয়ান পরিচালক প্রতিভা মুৎসুদ্দির সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিদায়ী অধ্যক্ষার সিনিয়র সহকর্মীগণ তাঁর কর্মময় জীবন সম্পর্কে আলোচনা করেন। অনুষ্ঠানে পরিবেশিত হয় আবৃত্তি ও সঙ্গীত। সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী অধ্যক্ষা প্রতিভা রাণী হালদারের হাতে বিভিন্ন উপহার সামগ্রী তুলে দেন অনুষ্ঠানের সভাপতি মিস মুৎসুদ্দি, ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা এবং হোমসের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল আনোয়ারুল হক।

উল্লেখ্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে মাস্টার্স শহীদ কন্যা মিসেস হালদার ১৯৮৩ সালের ১ অক্টোবর প্রভাষক হিসেবে ভারতেশ্বরী হোমসে যোগদান করেন। ২০১৪ সালের ২৭ সেপ্টেম্বর তিনি অধ্যক্ষা পদে উন্নীত হন এবং ২০১৮ সালের ৪ সেপ্টেম্বর শিক্ষার্থীপ্রিয় এই শিক্ষক অবসরগ্রহণ করেন।

গত ১২ ডিসেম্বর একই ভেন্যুতে অবসরগ্রহণকারী অপর পাঁচজনকে আনুষ্ঠানিকভাবে বিদায় সংবর্ধনা দেয়া হয়। এই শিক্ষকগণ হলেন: সহকারী প্রধান শিক্ষক নমিতা পাল (অর্থনীতি), সহকারী শিক্ষক অজুফা খাতুন (ইংরেজি), জীববিজ্ঞানের প্রভাষক মেহেনূর বেগম, ম্যানেজমেন্টের প্রভাষক ঘোষ অমলেন্দু ও রাষ্ট্রবিজ্ঞানের প্রভাষক তৃপ্তি রায়।

এই পাঁচ শিক্ষক শিক্ষকতা পেশায় ভারতেশ্বরী হোমসে বিভিন্ন সময়ে যোগদান করলেও প্রাতিষ্ঠানিকভাবে তাঁরা অবসরে যান ৩১ ডিসেম্বর। তাঁদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানেও পৌরহিত্য করেন মিস মুৎসুদ্দি। অনুষ্ঠানে শম্পা সাহাসহ বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী ও ছাত্রীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে তাঁদের প্রত্যেককে ভারতেশ্বরী হোমসের পক্ষ থেকে উপহৃত করা হয়। ●

On having attained the age of retirement Bharateswari Homes bade farewell its Principal along with five other teachers in two phases in September and December.

The first event took place on 30 September. On that day Principal Protiva Rani Halder was given farewell. The farewell ceremony was presided over by Director KWT Protiva Mutsuddy. Senior colleagues of the Principal spoke on the working life of Protiva Rani Halder. The programme was rounded off with music.

The outgoing Principal was presented with gifts by Directors KWT Protiva Mutsuddy, Srimati Shaha and Shampa Shaha.


Mrs Halder joined Bharateswari Homes as a Lecturer on 1 October 1983 after having completed her Masters in History from Rajshahi University. She took over as Principal of Bharateswari Homes on 27 September 2014 and went into retirement on 4 September 2018.

Bharateswari Homes authority bade farewell its another five teachers at the same venue on 12 December. Those got farewell included Assistant Head Mistress Namita Pal (Economics), Assistant Teacher Azufa Khatun (English), Lecturer in Biology Mehnur Begum, Lecturer Ghosh Amalendu (Management) and Lecturer Tripti Roy (Political Science). ●

কুমুদিনী ফার্মা লিঃ এর নতুন ওষুধ

কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) সম্প্রতি একটি নতুন ওষুধ ডলোকেট ইঞ্জেকশন বাজারজাত করেছে। এটি একটি নন-স্টেরয়ডাল এন্টিইনফ্লামেটরি গ্রুপের ওষুধ যার জেনেরিক নাম কেটোরোল্যাক ট্রোমিথামাইন। এটি একটি ব্যথা নিরোধক ইঞ্জেকশন। রোগীর শরীরের তীব্র থেকে তীব্রতর ব্যথার স্বল্পমেয়াদী চিকিৎসায় এবং অপারেশনোত্তর ব্যথা নিরাময়ে ওষুধটি ব্যবহার উপযোগী।

উল্লেখ্য, কেপিএল-এর আরেকটি ওষুধ ডলোকেট ১০ মি.গ্রা. ট্যাবলেট আগে থেকেই বাজারে চালু ছিল যা এখনো পাওয়া যাচ্ছে। ●



Doloket IV/IM injection.

Launching of KPL's New Product

Kumudini Pharma Ltd (KPL) has launched recently a new product named Doloket IV/IM injection. This is a nonsteroidal anti-inflammatory drug (NSAID) indicated for the short-term management of moderate to severe post-operative pain, traumatic pain and dental pain. Its generic name is Ketorolac Tromethamine.

The new product is in addition to the KPL's existing Doloket 10mg tablet which is still available in the market. ●

কেপিএল-এর ২৮ কর্মকর্তার থাইল্যান্ড সফর

গত নভেম্বর কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল)-এর ২৮ কর্মকর্তা কোম্পানির খরচে পাঁচ দিনের থাইল্যান্ডে সফরে গিয়েছিলেন। উল্লেখযোগ্য অবদানের পুরস্কার স্বরূপ তাদের এই সফর। সফরকারী কর্মকর্তাদের অধিকাংশই সেলস বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা। তবে তাদের মধ্যে দু'জন ফ্যাক্টরির কর্মকর্তাও রয়েছেন। পাঁচ দিন মেয়াদে তারা থাইল্যান্ডের রাজধানী ব্যাংকক ও পাতেয়া সফর করেন। সফরকারী কর্মকর্তাগণ গত ২৩ নভেম্বর ঢাকা ত্যাগ করেন এবং সফর শেষে ২৮ নভেম্বর ঢাকা ফেরেন।

সফরকারীদের মধ্যে রয়েছেন ফ্যাক্টরির ম্যানেজার মনোরঞ্জন পাল ও সহকারী ম্যানেজার (উৎপাদন) আহসানুল কবির; তিনজন আরএসএম : সাধন চন্দ্র ধর, সুব্রত রায় ও মো. রফিকুল ইসলাম মুনশী; সাতজন এয়ারিয়া ম্যানেজার : মনিরুজ্জামান মিয়া, মো. আবদুল মান্নান, মো. হাবিবুর রহমান, মো. গিয়াসউদ্দিন পিন্টু, রিপন কুমার চৌধুরী, জাহিদ হোসেন ও মুহম্মদ মিজানুর ইসলাম এবং ১৬ জন এমপিও : মোহাম্মদ হাবিবুর রহমান; এ কে এক খালেদ হীরা, মো. আইয়ুব আলী, মোহাম্মদ গোলাম মোস্তফা, তারক চৌধুরী, মৃগাল চন্দ্র বর্মণ, আবু সাঈদ, মো. শরিফুল ইসলাম, মো. আব্দুস সালাম মিয়া, মোহাম্মদ আতিকুর রহমান, মো. রাজু আহমেদ, মো. তাজরুল ইসলাম, মো. দিদারুল ইসলাম তুহিন, আইনুল হক, মো. সাহেব আলী মিলন ও মো. রমযান হোসেন। ●

28 Officers of KPL Visit Thailand

Twenty eight officers of Kumudini Pharma Ltd (KPL) went on a visit to Thailand November last. The visit was financed by KPL. This was an incentive to the officers on a commendable service to the organization. Most of those who went abroad were field officers of the Sales Department. There were two officers from the factory as well. The five day trip included visit to Bangkok and Patya. The team left for Thailand on 23 November and returned home on 29 November. ●



Group photo of KPL officers who visited Thailand.

১৪তম ব্যাচের নবীনবরণ

গত ১৮ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয় বিশ্ববিদ্যালয়ের ১৪তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান। অনুষ্ঠানে নবাগত শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছার মাধ্যমে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বিবিএ ও ইংরেজি বিভাগের প্রধানগণ। নবাগতদের পক্ষ থেকে বক্তব্য রাখেন অঙ্কিতা ঘোষ এবং পুরনো শিক্ষার্থীদের পক্ষে মনির হোসেন।

বক্তাগণ নবাগতদের স্বাগত জানানোর পাশাপাশি বিশ্ববিদ্যালয় জীবনের তাৎপর্য ব্যাখ্যা করে তাদের বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষকমণ্ডলী, প্রশাসনিক কর্মকর্তাগণ ও শিক্ষার্থীবৃন্দ। ●



Fresher's reception of the 14th batch.

Freshers' Reception – 14th Batch

Freshers' reception of the 14th batch of students of the university was held on 18 Sep 2018. The freshers were received with flower bouquets.

The heads of the Business Administration and English departments spoke. Ankita Ghosh spoke on behalf of the new students while Monir Hossain spoke on behalf of old students.

The speakers spoke on the importance of the university life as well as provided guidelines for the newcomers.

The ceremony was attended by the Director of Kumudini Welfare Trust (KWT) Mahavir Pati, Vice Chancellor, Controller of Examination, teachers, students and administrative staff of the university. ●



Law Festival in Pictures.

আইন ও মানবাধিকার বিভাগ

গত অক্টোবর আইন ও মানবাধিকার বিভাগ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি সেমিনার ও একটি ল' ফেস্টিভ্যাল-এর আয়োজন করে।

গত ৭ অক্টোবর অনুষ্ঠিত হয় 'শ্রেণিকক্ষ থেকে জীবিকা পর্যন্ত' শীর্ষক সেমিনার। বিভাগীয় প্রধান কাজী লতিফুর রেজার উদ্যোগে আয়োজিত উক্ত সেমিনারের উদ্বোধন করেন উপাচার্য ডক্টর মনীন্দ্র কুমার রায়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট মনিরুল ইসলাম।

সেমিনারে সংশ্লিষ্ট বিভাগের অংশগ্রহণকারী শিক্ষকবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন নীলাদ্রি পাইক, ব্যারিস্টার মো. আহসান উদ্দীন নীলয়, মিথিলা রাণী দাস প্রমুখ। সেমিনারটি ল' বিভাগের শিক্ষার্থীদের জন্য খুবই কার্যকর হয়েছে। এতে অংশগ্রহণের মাধ্যমে তাদের ব্যবহারিক জ্ঞান অর্জনের পথ সুগম হয়েছে যা প্রতিযোগিতামূলক পেশার জগতে অনেক কাজে আসবে।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

Law & Human Rights Department

Law & Human Rights department of the university arranged two programmes—a Seminar and a Law Festival in October 2018.

Seminar titled 'From Classroom to Profession' was held on 7 October 2018. Kazi Latifur Reza, Head of the Department of Law took the initiative in organizing the seminar which was inaugurated by the Vice Chancellor Dr Manindra Kumar Roy. Advocate Monirul Islam graced the occasion as the chief guest.

The faculty members of the department who participated in the seminar included Niladry Piak, Barrister Mohammad Ahsanuddin Niloy, Mithila Rani Das and others. The seminar had been very useful for the students

See Next Page



Seminar : From Classroom to Profession.

পক্ষান্তরে, ল' ফেস্টিভ্যালটি উদযাপিত হয় গত ১৪ অক্টোবর। এ অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের আইন ও মানবাধিকার বিভাগের ১৪তম ব্যাচের নবাগত শিক্ষার্থীদের বরণ করে নেয়া হয় এবং তাদের প্রত্যেককে ক্রেস্ট প্রদান করা হয়। আয়োজন করা হয় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের। এতে পরিবেশিত হয় নাচ, গান, আবৃত্তি, রেম্প শো, নাটক, কনসার্ট ইত্যাদি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, উপাচার্য ডক্টর মনীন্দ্র কুমার রায় ও আইন বিভাগের চেয়ারম্যানসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। ●

of the law department. Participation by the students shall surely help them in their practical life through earning of the knowledge gathered here.

On the other hand, Law Festival was celebrated on 14 October 2018. During the festival the newcomers joining as the students of 14th batch were welcomed and presented with crests. A colourful cultural programme was also arranged on the occasion. The programme included dance, song, recitation, drama etc. The ceremony was attended by Director of KWT Mahavir Pati, Vice Chancellor Dr Manindra Kumar Roy, Chairman of the Law Dept and the teachers. ●

শিক্ষার্থী তুহিনের অকাল
মৃত্যুতে শোকসভা

Condolence Meeting on Untimely
Death of Student Tuhin



Condolence meeting in memory of Tuhin.

বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে গত ৩০ অক্টোবর ফার্মেসি বিভাগের ৮ম ব্যাচের ছাত্র কামরুল হাসান তুহিন-এর অকাল মৃত্যুতে এক শোকসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এতে তুহিনের পরিবারের সদস্যগণসহ উপাচার্য, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, বিভাগীয় শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তুহিন দূরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ৮ অক্টোবর মৃত্যুবরণ করেন। আমরা তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি। ●

A condolence meeting cum prayer was arranged at the auditorium of the university in memory of Kamrul Hasan Tuhin who was a 8th batch student of Pharmacy Department. The meeting was attended by the family members of Tuhin, Vice Chancellor, Acting Registrar, teachers of the department and students. Tuhin died of cancer. We all pray for the salvation of the departed soul of Tuhin. ●

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতার ১২২তম জন্মজয়ন্তী উদযাপিত

গত ১৯ নভেম্বর উত্থান একাদশী তিথিতে বিশ্ববিদ্যালয়ে দানবীর রণদা প্রসাদ সাহার ১২২তম জন্মজয়ন্তী উদযাপিত হয়। অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তার উপস্থিতিতে উক্ত অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন উপাচার্য ড. মনীন্দ্র কুমার রায়, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা সরকারের সাবেক সচিব আবু আলম মো. শহীদ খান প্রমুখ। অনুষ্ঠানে বক্তাগণ রণদাপ্রসাদের দীর্ঘ কর্মময় জীবনের বিভিন্ন অধ্যায় আলোকপাত করেন। তাঁরা রণদাপ্রসাদকে একজন আধুনিক মানসিকতা সম্পন্ন ব্যক্তি হিসেবে ব্যাখ্যা করেন।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে জন্মজয়ন্তীর অনুষ্ঠান সমাপ্ত হয়। ●

122nd Birth Anniversary of the Founder of KWT Celebrated

The 122nd birth anniversary of the founder of Kumudini Welfare Trust Rai Bahadur Ranada Prasad Shaha was celebrated at the university campus on 19 November 2018. The programme included discussion on the life of the founder and cultural show.

Students, teachers and all officers of the university were present in the programme. Those who spoke on the occasion included Vice Chancellor Dr Manindra Kumar Roy, Director KWT Mahavir Pati, Advisor of the Trust on Education & Health affairs Abu Alam Md Shaheed Khan. Speakers discussed the chequered working life of Ranada Prasad Shaha. They described him as a man with modern thoughts. The ceremony was rounded off with a colourful cultural programme. ●



Celebration of R P Shaha's 122nd birth anniversary at RPSU.



National Mourning Day commemorating 15th August observed at Ranada Prasad Shaha University (RPSU)



Participant members in the last meeting of RPSU Syndicate held on 7 November at Kumudini Complex, Mirzapur.

ঢাকা রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষের কুমুদিনীসহ মির্জাপুরের কয়েকটি প্রতিষ্ঠান পরিদর্শন

Principal of Dhaka Ramakrishna Mission Visits Mirzapur Kumudini Complex



Swami Dhrubeshananda is being received at Kumudini Complex, Mirzapur.

গত ২৮ ও ২৯ সেপ্টেম্বর ঢাকা রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী ধ্রুবেশানন্দ মহারাজ মির্জাপুর সদরে অবস্থিত কুমুদিনী কমপ্লেক্স ও রামকৃষ্ণ সেবাশ্রম পরিদর্শন করেন।

মির্জাপুরে রামকৃষ্ণ সেবাশ্রম পরিদর্শন ছাড়াও মহারাজ সেখানকার ঐতিহ্যবাহী কয়েকটি মন্দির পরিদর্শন করেন। স্থানীয় মন্দিরসমূহ পরিদর্শনকালে মহারাজের সঙ্গী হয়েছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা। যেসব মন্দির তিনি পরিদর্শন করেন সেগুলোর মধ্যে ছিল ঘোষণাপাড়ার রাধাগোবিন্দ আখড়া, আকরাস্থ লোকনাথ মন্দির ইত্যাদি।

ঐদিন সন্ধ্যায় মির্জাপুর গ্রামে রণদা নাটমন্দিরে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও ধর্মীয় আলোচনা। আলোচনায় মূল বক্তা ছিলেন স্বামী ধ্রুবেশানন্দ। এ ছাড়াও বক্তব্য রাখেন স্বামী কল্পেশ্বরানন্দ ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি।

উল্লেখ্য, গত ২৮ সেপ্টেম্বর সন্ধ্যায় স্বামী ধ্রুবেশানন্দ সঙ্গীদেরসহ ঢাকা থেকে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে পৌঁছালে কুমুদিনীর কর্মকর্তাবৃন্দ তাঁদের স্বাগত জানান। তাঁরা কমপ্লেক্সে রাত্রিযাপন করেন। পরের দিন সকালে কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তাঁরা দিবসের পরবর্তী কর্মসূচিতে অংশগ্রহণ করেন। ●

Principal of Dhaka Ramakrishna Mission Swami Dhrubeshananda Maharaj visited Kumudini Complex and Ramakrishna Sebashram at Mirzapur Sadar on 28 and 29 September.

In addition to Ramakrishna Sebashram at Mirzapur Sadar he also visited other historic temples. MD of KWT Rajiv Prasad Shaha accompanied him in the visits. He visited Ghoshpara Radagobinda Akhra, Lokenath temple etc.

In the evening a cultural programme and discussion took place at *Ranada Natmondir* (portico of temple) in Mirzapur village. The main speaker was Swami Dhrubeshananda. Among others who spoke on the occasion included Swami Kalpeshawarnanda and Protiva Mutsuddy Director KWT.

Swami Dhrubeshananda along with his entourage arrived at Kumudini Complex in the evening of 28 September and they were greeted by the officials of Kumudini Welfare Trust. They stayed in the complex overnight and participated in different programmes on the following day. ●

